

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২১১-আইন/২০১৬/৭৬৬-মুসক।** মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ০২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও.নং-১৮৭-আইন/২০১৬/৭৬৩-মুসক এতদ্বারা রহিত করিল।

২। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এবং General Clauses Act, 1897 (Act No. X of 1897) এর section 7 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতীত রাবার বাগান হইতে রাবার অপসারণ (বিশেষ) বিধিমালা, ২০১১ পুনঃপ্রচলন করিল।

৩। ইহা ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ০২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)  
চেয়ারম্যান